# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৮৮. কী ধরনের মোজার উপর মাসেহ করা জায়েয।

চামড়ার তৈরি মোজার উপর মাসেহ করা জায়েয এ বিষয়ে সকল উলামায়ে কিরাম একমত। তবে পশমি, সুতি বা নাইলন এ জাতীয় মোজার উপর মাসেহ করার বিষয়ে উলামাদের দ্বিমত রয়েছে। এ বিষয়ে অধিকাংশ আলেমগণের মতে, এ জাতীয় মোজার উপরও মাসেহ করা জায়েয। কারণ, এগুলোতে নাজায়েয হওয়ার পক্ষে কোন হাদীস নেই। আরবীতে চামড়ার মোজাকে খুফ বলে, আর সুতি বা পশমি মোজাকে বলে জাউরাব।

মুগীরা ইবন শু'বা (রা) বলেন যে, রাসূলুল্লাহ (স) ওযূতে (সুতির) মোজা ও জুতার উপর মাসেহ করেছেন।” (আবু দাউদ: ১৫৯) এ হাদীস থেকে প্রমাণিত যে, সুতির মোজা এবং জুতা উভয়ের উপরই একসাথে মাসেহ করা জায়েয।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12825

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন